

বইয়ের মোড়ক উন্মোচনে বক্তারা ৫০ বছরের অর্থনৈতিক উন্নয়নের নায়ক তিন খাতের শ্রম ও শ্রমিক

নিজস্ব প্রতিবেদক ■

দেশের অর্থনীতির উন্নয়ন দাঁড়িয়ে আছে তিনটি প্রধান স্তরের ওপর। প্রথমত, কৃষিতে উচ্চফলনশীল ধান; দ্বিতীয়ত, শ্রমনিবিড় রফতানিমুখী তৈরি পোশাক শিল্প; তৃতীয়ত, বিদেশে কর্মসংস্থান ও রেমিট্যান্স। তিনটিতেই মুখ্য ভূমিকা রেখেছে শ্রম এবং শ্রমজীবী মানুষ।

গতকাল বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক বই প্রকাশনা অনুষ্ঠানে এসব বিষয় তুলে ধরা হয়। রাজধানীর আগারগাঁওয়ে বিআইডিএস সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানে সংস্থাটির মহাপরিচালক ড. বিনায়ক সেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান, বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান।

‘বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতিধারা: সুবর্ণজয়ন্তীতে ফিরে দেখা’ শীর্ষক বইটি লিখেছেন রবিশদান ইসলাম, রিজওয়ানুল ইসলাম ও কাজী সাহাবউদ্দিন। বইয়ের ওপর আলোচনায় অংশ নেন

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও ড. মোস্তাফিজুর রহমান, বিআইডিএসের সিনিয়র রিসার্চ ফেলো কাজী ইকবাল। এছাড়া পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান, জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান ড. আব্দুল মজিদ, পিআরআইয়ের নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর প্রমুখ বইয়ের ওপর আলোচনা করেন।

মূল প্রবন্ধে বলা হয়, একসময় প্রকল্প বাস্তবায়নে প্রায় শতভাগ বৈদেশিক ঋণনির্ভরতা ছিল। এখন তা ২০ শতাংশের নিচে নেমে এসেছে। আবার ধান উৎপাদন বৃদ্ধি এবং সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থা শক্তিশালী করার মাধ্যমে বাংলাদেশ খাদ্যনিরাপত্তা অর্জনে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। আবার অন্যান্য ফসলের বিশেষ করে ডাল এবং তেলবীজের উৎপাদন হ্রাস এবং তাদের সরবরাহের জন্য আমদানির ওপর নির্ভরশীলতা বৃদ্ধি। ফলে দরিদ্র জনগোষ্ঠীর পুষ্টির ওপর নেতিবাচক প্রভাব পড়েছে। খাদ্যনিরাপত্তার ক্ষেত্রে অর্জিত সাফল্য ধরে রাখতে হলে বহুমুখী প্রচেষ্টার প্রয়োজন রয়েছে।

Tue, 07 June 2022

epaper.bonikbarta.net/c/68478460

